


# EXCLUDED WORKERS FUND (বঞ্চিত কর্মীদের তহবিল)

**2021-এর সেপ্টেম্বর মাসে আপডেট করা হয়েছে**

COVID -19 মহামারী চলাকালীন যে সকল নিউ ইয়র্ক-বাসী কাজ হারিয়েছেন এবং বেকারত্ব ও মহামারী সংক্রান্ত সুবিধা সহ বিভিন্ন যুক্তরাষ্ট্রীয় ত্রাণ কর্মসূচীর আওতার বাইরে আছেন, এমন মানুষদের Excluded Workers Fund (EWF) আর্থিক সহায়তা প্রদান করে।

## কীভাবে আমি আবেদন করব?

EWF থেকে ত্রাণ পেতে চাইছেন এমন কর্মীদের জন্য আবেদন প্রক্রিয়াটি 2021 সালের আগস্ট মাস থেকে শুরু হয়েছে। আবেদন করতে দেখুন **ewf.labor.ny.gov**.

আপনি আপনার আবেদন জমা দিতে মোবাইল ফোন বা কম্পিউটার ব্যবহার করতে পারেন, যা 13টি ভাষায় উপলব্ধ থাকবে। অনলাইনে আবেদন জানানোর জন্য আবেদনকারীদের বিশেষভাবে উৎসাহিত করা হচ্ছে। ডাকে পাঠানো আবেদন গ্রহণ করা হবে না।

আপনার যদি আবেদন করতে সাহায্যের প্রয়োজন হয়, নিউ ইয়র্ক স্টেট আপনাকে প্রয়োজনীয় সাহায্য দেওয়ার জন্য কমিউনিটি-ভিত্তিক বিশ্বস্ত সংস্থাগুলির সাথে অংশীদারি করছে। বিশ্বস্ত সংস্থার সম্পূর্ণ তালিকা পেতে **dol.ny.gov/CBOlist**-এ যান অথবা প্রোগ্রামটি চালু হওয়ার পরে কোনও এজেন্টের সঙ্গে কথা বলতে ও আপনার নিকটবর্তী কোনও কেন্দ্রের খোঁজ পেতে **877-EWF-4NYS (877-393-4697)** নম্বরে ফোন করুন।

**800-662-1220 TTY/TTD - English**
**877-662-4886 TTY/TTD - Español**

## আমি কি ত্রাণ পাওয়ার যোগ্য?

EWF প্রোগ্রাম থেকে সুবিধা পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হতে, আবেদনকারীদের অবশ্যই প্রমাণ করতে হবে যে তাঁরা:

1. 27শে মার্চ, 2020 তারিখের আগে নিউ ইয়র্ক স্টেটে থাকতেন এবং এখনও নিউ ইয়র্ক স্টেটে বসবাস করছেন;
2. স্টেট বা যুক্তরাষ্ট্রীয় সরকারের বেকারত্ব বিমা, COVID-19 আয়ের ত্রাণ বা অন্যান্য নির্দিষ্ট সুবিধার যোগ্য নন এবং সেগুলি পাননি;
3. এপ্রিল 2021-এর আগে 12 মাসে $26,208-এর থেকে কম আয় করেছেন; **এবং**

COVID-19 অতিমারীর কারণে সামগ্রিক বা আংশিক বেকারত্ব বা কাজ করতে অক্ষমতা বা অনুপস্থিতির কারণে 23শে ফেব্রুয়ারি, 2020 থেকে 1লা এপ্রিল, 2021-এর মধ্যে যেকোনও সময়ে সাপ্তাহিক কর্ম-সংক্রান্ত উপার্জন বা গৃহস্থালির আয়ের কমপক্ষে 50% হারিয়েছেন, অথবা পরিবারের প্রধান উপার্জনকারীর মৃত্যুর বা অক্ষমতার কারণে তারা পরিবারের আয়ের বেশিরভাগ অংশের জন্য দায়বদ্ধ হয়েছেন।

দ্রষ্টব্য:

· যুক্তরাষ্ট্রীয় উদ্দীপক তহবিলের প্রাপ্তি - সরকারের তরফে $600, $1,200 বা $1,400-এ পাঠানো ত্রাণ সরবরাহ - Excluded Workers Fund-এর যোগ্যতাকে প্রভাবিত করে **না**।

· যদি আয় হারানোর তারিখটি অজানা থাকে, তবে আবেদনকারীরা প্রাথমিক একটি তারিখ আনুমানিকভাবে অনুমান করতে পারে, যে তারিখে তারা অতিমারিজনিত আয় হারানোর সম্মুখীন হয়েছিল। আবেদনকারীরা যাদের আয় হারানোর প্রাথমিক তারিখ প্রায় 23 ফেব্রুয়ারি, 2020 ও 27 মার্চ, 2020-এর মধ্যে হয়েছিল, তারা আবেদনের উদ্দেশ্যে 27 মার্চ, 2020 নির্দেশ করতে পারে।

## আবেদনের জন্য আমাকে কী করতে হবে?

আবেদনকারীদের নিম্নলিখিত নথিগুলি সংগ্রহ করা উচিত, যা পরিচয়, আবাস এবং কাজ সম্পর্কিত যোগ্যতা প্রমাণ করতে ব্যবহৃত হতে পারে।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: আবেদনকারীরা পরিচয় এবং আবাস প্রমাণের জন্য একই নথি জমা দিতে পারেন। পরিচয় এবং/অথবা আবাসের প্রমাণের জন্য কমপক্ষে একটি নথিতে অবশ্যই আবেদনকারীর ফটো অন্তর্ভুক্ত থাকতে হবে এবং একটিতে অবশ্যই আবেদনকারীর জন্ম তারিখ অন্তর্ভুক্ত থাকতে হবে। জমা দেওয়া সমস্ত নথিগুলিকে অবশ্যই:

- জারি করা সংস্থা কর্তৃক প্রত্যয়িত হতে হবে
- মেয়াদ উত্তীর্ণ হলে চলবে না (নিম্নলিখিত ব্যতিক্রম ছাড়া)
- ইংরেজিতে বা একটি প্রত্যয়িত ইংরেজি ভাষার অনুবাদ সহ আনতে হবে
- বিকৃত বা ক্ষতিগ্রস্ত হবে না

## কীভাবে আমি আমার পরিচয় প্রমাণ করব?

আপনাকে অবশ্যই নিম্নলিখিত একটি বা ততোধিক নথি সরবরাহ করতে হবে। প্রতিটি নথিকে একটি পয়েন্ট ভ্যালু দেওয়া হবে এবং প্রতিটি আবেদনকারীকে 4 পয়েন্ট বা তার বেশি পেতে হবে। উপরের সমস্ত প্রয়োজনীয়তাগুলি অনুমোদনের জন্য পূরণ করা আবশ্যিক।

- NYS ড্রাইভার লাইসেন্স (4 পয়েন্ট)
- NYS নন-ড্রাইভার ID কার্ড (4 পয়েন্ট)
- U.S. পাসপোর্ট (4 পয়েন্ট)
- IDNYC কার্ড (4 পয়েন্ট) - (2020-এ মেয়াদ উত্তীর্ণ কার্ডগুলি 2021-এর শেষ পর্যন্ত বৈধ। 2021-এ মেয়াদ শেষ হওয়া কার্ডগুলি মেয়াদোত্তীর্ণ তারিখের পরে এক বছরের নবীকরণের সময়কালে বৈধ থাকবে।)
- বিদেশে ইস্যু হওয়া পাসপোর্ট (3 পয়েন্ট)

- NYS DMV কর্তৃক জারি NYS শিক্ষানবিসের পারমিট (3 পয়েন্ট)
- U.S.-সামরিক ID কার্ড (3 পয়েন্ট)
- NYS -এর স্থানীয় সরকার, NYS সরকারী সংস্থা বা যুক্তরাষ্ট্রীয় সরকারে জারি করা ফটো ID কার্ড (3 পয়েন্ট)
- NYS Higher Education Institution (উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান) কর্তৃক জারি ফটো ID কার্ড (3 পয়েন্ট)
- মানসিক স্বাস্থ্য কার্যালয় দ্বারা জারি করা NYS ইন পেশেন্ট ফটো ID (2 পয়েন্ট)
- মেয়াদ উত্তীর্ণ U.S. বা বিদেশী পাসপোর্ট (যার মেয়াদ দুই বছরের বেশি উত্তীর্ণ নয়) (2 পয়েন্ট)
- মেয়াদ উত্তীর্ণ ড্রাইভার লাইসেন্স (যার মেয়াদ দুই বছরের বেশি উত্তীর্ণ নয়) (2 পয়েন্ট)
- U.S. নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবা (USCIS) দ্বারা জারি করা নথি: আগমন/প্রস্থান রেকর্ড (I-94) বা কর্ম বিজ্ঞপ্তি (I-797; I-797A; I-797D) (2 পয়েন্ট)
- U.S. স্বতন্ত্র করদাতা শনাক্তকরণ নম্বর (ITIN) অ্যাসাইনমেন্ট লেটার (2 পয়েন্ট)
- বিয়ের শংসাপত্র (1 পয়েন্ট)
- বিবাহবিচ্ছেদের রায় (1 পয়েন্ট)
- NYC পার্কস অ্যান্ড রিক্রিয়েশন-এর সদস্যতা কার্ড (1 পয়েন্ট)
- কোনও বাইরের দেশে জারি করা জন্ম শংসাপত্র (1 পয়েন্ট)
- বিদেশে জারি করা ফটো ID কার্ড (1 পয়েন্ট)
- U.S. হাই স্কুল, কলেজ বা বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্লোমা বা ট্রান্সক্রিপ্ট (1 পয়েন্ট)
- NYS-এর স্থানীয় সরকার, NYS সরকারী সংস্থা বা যুক্তরাষ্ট্রীয় সরকারের জারি করা ফটো ID কার্ড (1 পয়েন্ট)
- নিয়োগকারীর ফটো ID কার্ড (1 পয়েন্ট)
- অ্যাটর্নি জেনারেল-এর নিউ ইয়র্ক স্টেট অফিসের দাতব্য ব্যুরোর সাথে নিবন্ধিত একটি দাতব্য সংস্থার দ্বারা এই পরিষেবার যোগ্য হওয়ার জন্য বা এই প্রোগ্রামে অংশ গ্রহণের জন্য জারি করা সচিত্র পরিচয়পত্র যা সাধারণ কোর্সের জন্য জারি হয়েছিল এবং 19শে এপ্রিল, 2021-এর আগে এর যোগ্যতা স্থাপিত হয়েছিল (1 পয়েন্ট)
- লিখিত কর্মসংস্থান অফার, পে স্টাব বা কোনও নিয়োগকর্তার কাছ থেকে বেতন বিজ্ঞপ্তি (1 পয়েন্ট)

## কীভাবে আমি আবাসের প্রমাণ করব?

আপনাকে অবশ্যই নিম্নলিখিত একটি বা ততোধিক নথি সরবরাহ করতে হবে, যার প্রত্যেকটি নিউ ইয়র্ক স্টেটে তাদের নাম এবং ঠিকানা প্রদর্শন করছে। নথি(গুলি) যেন অবশ্যই 27শে মার্চ, 2020 সালের আগের পাশাপাশি বর্তমান আবাসের প্রমাণ প্রদর্শন করে। এই প্রয়োজন পূরণের জন্য আবেদনকারীদের একাধিক নথি জমা দিতে হতে পারে। নিচে তালিকাভুক্ত প্রথম পাঁচটি নথি ব্যতীত, বর্তমান আবাসের প্রামাণ্য নথিগুলি 19শে এপ্রিল, 2021-এর 30 দিনের পূর্বের কোনও তারিখের আগে নির্ধারিত হলে চলবে না। উপরের সমস্ত প্রয়োজনীয়তা অবশ্যই পূরণ করতে হবে।

- NYS ড্রাইভার লাইসেন্স (বর্তমান আবাসের প্রমাণের জন্য 19শে এপ্রিল, 2021-এরও 30 দিনের বেশি আগে জারি করা হতে পারে)
- NYS নন-ড্রাইভার ID কার্ড (বর্তমান আবাসের প্রমাণের জন্য 19শে এপ্রিল, 2021-এরও 30 দিনের বেশি আগে জারি করা হতে পারে)
- IDNYC কার্ড (বর্তমান আবাসের প্রমাণের জন্য 19শে এপ্রিল, 2021-এরও 30 দিনের বেশি আগে জারি করা হতে পারে। 2020-এ মেয়াদ উত্তীর্ণ কার্ডগুলি 2021-এর শেষ পর্যন্ত বৈধ। 2021-এ মেয়াদ শেষ হওয়া কার্ডগুলি মেয়াদোত্তীর্ণ তারিখের পরে এক বছরের নবীকরণের সময়কালে বৈধ থাকবে।)
- NYS DMV দ্বারা জারি করা NYS লার্নার পারমিট (বর্তমান আবাসের প্রমাণের জন্য 19শে এপ্রিল, 2021-এরও 30 দিনের বেশি আগে জারি করা হতে পারে)
- DTF বা IRS থেকে ই-ফাইলিং স্বীকৃতি সহ রাষ্ট্রীয় বা ফেডারেল ট্যাক্স ফাইলিং বা রিটার্ন, ফাইলিংয়ের প্রমাণ সহ (বর্তমান আবাসের প্রমাণের জন্য 19শে এপ্রিল, 2021-এরও 30 দিনের বেশি আগে জারি করা হতে পারে)
- ইউটিলিটি বিল (যেমন বিদ্যুৎ, গ্যাস, ইন্টারনেট, কেবল, জল, আবর্জনা/পুনর্ব্যবহারযোগ্য বস্তু)
- ব্যাঙ্ক বা ক্রেডিট কার্ডের স্টেটমেন্ট
- আবেদনকারীর উদ্দেশ্যে NYC হাউজিং অথরিটি-এর চিঠি
- গৃহহীন শেল্টার থেকে আবেদনকারীকে সম্বোধন করা চিঠি যা থেকে বোঝা যায় যে বর্তমানে আবেদনকারী গৃহহীন শেল্টারে থাকেন
- কোনও সাম্প্রতিক লিজ চুক্তি, মর্টগেজ পেমেন্ট বা সম্পত্তি করের বিবৃতি
- গৃহহীন ব্যক্তিদের পরিষেবা সরবরাহকারী একটি অলাভজনক সংস্থা বা ধর্মীয় প্রতিষ্ঠান থেকে আবেদনকারীকে সম্বোধন করা চিঠি
- পে স্টাব
- কর্মসংস্থান অফার বা বেতনের নোটিশ, যা থেকে জানা যায় যে নিয়োগকর্তা মরশুমি আবাসন সহ NYS-এ অবস্থিত আবাসন সরবরাহ করেন
- স্বাস্থ্য সংস্থা বা বীমা সংস্থার বিবৃতি, বিল, বা রেকর্ড
- NYS-এর আদালত কর্তৃক জুরি সমন, আদালতের আদেশ, বা অন্যান্য নথি
- একটি ঘরোয়া সহিংসতা (DV) আবাসিক যত্ন প্রোগ্রাম বা সংস্থা, যারা DV থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের পরিষেবা প্রদান করেন, তাদের থেকে চিঠি
- NYS অ্যাটর্নি জেনারেলের সাথে নিবন্ধিত একটি দাতব্য সংস্থার দ্বারা জারি করা কোনও চিঠি, যা আবেদনকারীকে সাধারণ কোর্সে পরিষেবা প্রদান করে এবং যার জন্য আবেদনকারীর NYS আবাসের সত্যতা দিয়ে যোগ্যতা স্থাপিত হয়েছিল 2021 সালের 19 এপ্রিলের আগে
- NYS-এর স্থানীয় সরকার, NYS সরকারী সংস্থা বা যুক্তরাষ্ট্রীয় সরকার দ্বারা আবেদনকারীকে সম্বোধন করা নথি

## কীভাবে আমি আমার কাজের যোগ্যতা প্রমাণ করব?

আবেদনকারীরা নিচে সরবরা করা তথ্য এবং নথিগুলির উপর নির্ভর করে দুটি পরিমাণের মধ্যে একটিতে EWF সুবিধার যোগ্য হতে পারেন। প্রতিটি নথির একটি পয়েন্ট ভ্যালু আছে।

$15,600 (কর বাদে) পরিমাণ টিয়ার 1 পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হতে, আবেদনকারীদের সর্বনিম্ন 5 পয়েন্ট অর্জন করা প্রয়োজন।

$3,200 (কর বাদে) পরিমাণ টিয়ার 2 পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হতে, আবেদনকারীদের সর্বনিম্ন 3 পয়েন্ট অর্জন করা প্রয়োজন।

যে আবেদনকারীরা নীচে 5-পয়েন্ট নথিগুলির মধ্যে একটিও সরবরাহ করেন না, তাদের অবশ্যই টিয়ার 1-এর জন্য যোগ্য হিসাবে বিবেচিত হতে 3-পয়েন্ট নথিগুলির মধ্যে কমপক্ষে একটি জমা দিতে হবে। যেমন, টিয়ার-1-এর জন্য পাঁচটি 1-পয়েন্ট নথি একত্রিত করা যাবে না।

**দ্রষ্টব্য:** প্রত্যেক আবেদনকারী কেবলমাত্র একটি সুবিধা পেমেন্টের জন্য যোগ্য হবেন।

- **নিউ ইয়র্ক স্টেটের** কর দায়ের করার প্রমাণ, যার মধ্যে অবশ্যই (A) ই-ফাইলিংয়ের বৈদ্যুতিন নিশ্চিতকরণ জমা দেওয়ার মাধ্যমে কর ও অর্থ দপ্তরের ক্ষেত্রে কর বর্ষ 2018, 2019 বা 2020 সালের জন্য নিউ ইয়র্ক স্টেটের কর ফেরত দাখিলের প্রমাণ, কর ও অর্থ দপ্তরের দ্বারা জারি করা "TF অ্যাসাইনমেন্ট লেটার", অথবা একটি ব্যাঙ্ক স্টেটমেন্ট যা কর ও অর্থ দপ্তর থেকে হওয়া বা দপ্তরে জমা দেওয়া পেমেন্টকে প্রতিফলিত করে; **এবং** (B) মার্কিন যুক্তরাষ্ট্রের বৈধ পৃথক করদাতা শনাক্তকরণ নম্বর (ITIN)-এর প্রমাণ **অথবা** জমা করা বা দায়ের করার প্রমাণ সমেত কোনও ITIN-এর ক্ষেত্রে একটি W-7 আবেদন (5 পয়েন্ট)

*দ্রষ্টব্য: আবেদনকারীরা যারা কর বছর 2018, 2019 বা 2020-তে রিটার্ন দাখিল করেছেন, কিন্তু তাদের ITIN নেই, তারা এই তথ্য যাচাই করতে তাদের সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহার করতে পারেন*

- যে তারিখে আবেদনকারী প্রত্যয়িত করেন যে আবেদনকারী ভাতা পাওয়ার যোগ্য ছিলেন, সেই তারিখের আগে 6-মাসের মেয়াদকালে ন্যূনতম 6 সপ্তাহের বেতন স্টাব (5 পয়েন্ট)
- যে তারিখে আবেদনকারী প্রত্যয়িত করেন যে আবেদনকারী ভাতা পাওয়ার যোগ্য ছিলেন, সেই তারিখের আগে 6-মাসের মেয়াদকালে ন্যূনতম 6 সপ্তাহের বেতন বিবৃতি (5 পয়েন্ট)
- 2019 বা 2020 কর বর্ষ থেকে IRS W-2 বা 1099 যা মজুরি বা আয়ের হিসাব দেখায় (5 পয়েন্ট)
- যে তারিখে আবেদনকারী প্রত্যয়িত করেন যে আবেদনকারী ভাতা পাওয়ার যোগ্য ছিলেন, সেই তারিখের আগে 6-মাসের মেয়াদকালে কর্মসংস্থানের প্রমাণ প্রদর্শন করা নিয়োগকর্তার কাছ থেকে পাওয়া মজুরি বিজ্ঞপ্তি (5 পয়েন্ট)
- কোনও নিয়োগকর্তার চিঠি যা আবেদনকারীর কাজের তারিখ এবং আয়ের ক্ষতির কারণ (অর্থাৎ অতিমারী সম্পর্কিত) প্রদর্শন করে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে: (A) নিয়োগকর্তার ডাক ঠিকানা এবং NYS-এর মধ্যে আবেদনকারীর কর্মস্থলের ঠিকানা **অথবা** (B) হয় নিয়োগকর্তার NYS বেকারত্ব বিমা অ্যাকাউন্টের নম্বর **অথবা** যুক্তরাষ্ট্রীয় কর্মসংস্থান শনাক্তকরণ নম্বর (FEIN) **অথবা** কোনও নিয়োগকর্তার প্রতিনিধির যোগাযোগের তথ্য (ফোন নম্বর সহ) যিনি চিঠির বিষয়বস্তু যাচাই করতে পারবেন (5 পয়েন্ট)
- যে তারিখে আবেদনকারী প্রত্যয়িত করেন যে আবেদনকারী ভাতা পাওয়ার যোগ্য ছিলেন, সেই তারিখের আগে 6-মাসের মেয়াদকালে 6 সপ্তাহেরও বেশি সময়কালের জন্য NYS-এ কাজের জন্য পাওনা মজুরি সম্পর্কিত স্থানীয়, স্টেট বা ফেডারেল এজেন্সি বা আদালতের কাছে দায়ের করা ও স্বীকৃত হওয়া অভিযোগ (3 পয়েন্ট)
- কোনও নিয়োগকর্তার থেকে নিয়মিত প্রত্যক্ষ জমা, আমানত-সমূহ বা কোনও নিয়োগকর্তার থেকে স্থানান্তরের রেকর্ড (3 পয়েন্ট)
- নিয়োগকর্তা দ্বারা জারি করা ID কার্ড (1 পয়েন্ট)
- অর্ডার শিট, কাজের চালান, বিক্রয় রসিদ, বা নিয়োগকর্তাদের নির্দেশাবলী সম্পর্কিত লিখিত যোগাযোগ (1 পয়েন্ট)
- আবেদনকারী এবং কোনও নিয়োগকর্তা বা কোনও নিয়োগকারী পার্টির কাজের সম্পর্ক প্রদর্শক নিয়োগের সপক্ষে টেক্সট বা সামাজিক মিডিয়া বার্তা বা পোস্ট সহ লিখিত যোগাযোগ (1 পয়েন্ট)
- নিয়মিত পে-চেক দ্বারা নগদ প্রদান বা আয় বা উপার্জন থেকে অর্থের স্থানান্তরের রেকর্ড (1 পয়েন্ট)
- নিয়োগকারী কর্তৃক নিয়োগকর্তার ইমেল অ্যাড্রেস, NYS বেকারত্ব বিমা অ্যাকাউন্ট নম্বর বা যুক্তরাষ্ট্রীয় কর্মসংস্থান শনাক্তকরণ নম্বর (FEIN) এবং কোনও নিয়োগকর্তার প্রতিনিধির যোগাযোগের তথ্য (ফোন নম্বর সহ) দেখিয়ে আবেদনকারীকে জারি করা নথি (1 পয়েন্ট)
- টোল রেকর্ড, পার্কিং রসিদ, বা গণপরিবহনের রেকর্ডের মতো ক্রমাগত কাজের জায়গায় যাতায়াতের প্যাটার্ন প্রদর্শক রসিদ বা রেকর্ড (1 পয়েন্ট)
- NYS অ্যাটর্নি জেনারেলের সাথে নিবন্ধিত একটি দাতব্য সংস্থা কর্তৃক জারি করা আবেদনকারীর কর্মসংস্থানের ইতিহাসের সাক্ষ্য পত্র যা 19শে এপ্রিল, 2021 -এর আগে নিয়োগের সময় নেওয়া সাক্ষাৎকার বা অন্য কোনও প্রত্যক্ষ কাজ সম্পর্কিত প্রক্রিয়া এবং আবেদনকারীর প্রয়োজনীয় কর্ম সময়কালের জ্ঞানের ওপর ভিত্তি করে প্রদান করা হবে (1 পয়েন্ট)

**দ্রষ্টব্য:** আবেদনকারীদের অবশ্যই প্রমাণ করতে হবে যে তারিখে আবেদনকারী প্রত্যয়িত করেন যে আবেদনকারী ভাতা পাওয়ার যোগ্য ছিলেন, সেই তারিখের আগে 6-মাসের মেয়াদকালে 6 সপ্তাহের বেশি সময় ধরে সপ্তাহে 15 সপ্তাহ ধরে তারা কাজ করেছেন এবং ভাতা লাভ করেছেন। আবেদনের সময় আবেদনকারীদের বয়স কমপক্ষে 18 বছর হতে হবে।

পরিবারের প্রধানের মৃত্যু বা অক্ষমতাজনিত কারণে আবেদনকারীদের জন্য, কাজের যোগ্যতার প্রমাণের জন্য সরবরাহ করা তথ্য এবং নথিগুলিকে অবশ্যই পরিবারের প্রাক্তন প্রধানের কাজের ইতিহাসকে প্রতিফলিত করতে হবে। তবে, পরিচয় ও আবাসের নথিগুলি অবশ্যই আবেদনকারীরই হওয়া উচিত। এগুলি ছাড়াও, আবেদনকারীদের অবশ্যই সরবরাহ করতে হবে:

- পরিবারের প্রাক্তন প্রধানের মৃত্যুর তারিখ সহ মৃত্যুর শংসাপত্র; বা
- অক্ষমতা শুরুর তারিখ এবং প্রকৃতি সহ পরিবারের প্রাক্তন প্রধানের প্রতিবন্ধীত্বর প্রমাণ। গ্রহণযোগ্য নথিগুলির সম্পূর্ণ তালিকার জন্য, নীতিমালার ধারা (e)-এর 704.2 অংশ দেখুন, এখানে **dol.ny.gov/ewfregs**.

"পরিবারের প্রধান"-কে আপনার পরিবারের একজন সদস্য হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে, যিনি আপনার পরিবারের আর্থিক সহায়তায় অন্তত 50% অবদান রেখেছিলেন এবং মৃত্যুর সময় বা প্রতিবন্ধী হওয়ার সময় কমপক্ষে 18 বছর বয়সী ছিলেন।

## আমার আবেদন সামগ্রীগুলি কি সুরক্ষিত?

EWF আবেদনের অংশ হিসাবে DOL-এর কাছে জমা দেওয়া নিয়োগকর্তার নথি সহ সমস্ত নথি, জনসাধারণের কাছে উন্মুক্ত রেকর্ড নয় এবং একমাত্র EWF সুবিধা প্রশাসনের উদ্দেশ্যেই ব্যবহার করা হবে। U.S. ইমিগ্রেশন কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) সহ অন্য যে কোনও সরকারী সংস্থার কাছে প্রক্রিয়াকরণ ব্যতীত অন্য কোনও উদ্দেশ্যে বিষয়টি প্রকাশ আইন দ্বারা কঠোরভাবে নিষিদ্ধ, যদি না কোনও স্বতন্ত্র আবেদনকারী কর্তৃক স্পষ্টত অনুমোদিত হয় বা আদালতের আইনি আদেশ অনুসরণে অথবা বিচারিক পরোয়ানা অনুসারে বাধ্যতামূলক হয়।

## আমার আবেদন জমা দেওয়ার পরে আমি কী প্রত্যাশা করতে পারি?

DOL আপনার আবেদন প্রক্রিয়া শুরু করবে। যদি অতিরিক্ত তথ্য বা সংশোধনের প্রয়োজন হয়, তাহলে DOL আপনাকে একটি টেক্সট ম্যাসেজ বা ইমেল পাঠাবে (যোগাযোগের ক্ষেত্রে আপনার পছন্দের পদ্ধতির উপর ভিত্তি করে) একটি লিঙ্ক সহ, যা আপনাকে বিশদ বিবরণের জন্য আপনার অ্যাকাউন্টে সাইন ইন করার পরামর্শ দেয়। একবার সাইন-ইন করার পরে, কোন নথিগুলি সংশোধন করা বা পুনরায় জমা দিতে হবে এবং কেন, তা দেখার জন্য নির্দেশাবলী অনুসরণ করুন। প্রতিক্রিয়া জানানোর জন্য ইমেল বা টেক্সট বিজ্ঞপ্তি পাওয়ার তারিখ ও সময় থেকে শুরু করে পরবর্তী 7 ক্যালেন্ডার দিবস অব্দি সময় আপনি পাবেন। প্রদত্ত সময়সীমার মধ্যে যদি কোন প্রতিক্রিয়া না পাওয়া যায়, তাহলে উপলব্ধ তথ্যের ভিত্তিতে একটি সিদ্ধান্ত নেওয়া হবে।

আবেদনকারীদেরকে তাদের আবেদনপত্র পুনরায় শুরু করার জন্য বা অনুরোধের প্রতি সাড়া দেওয়ার জন্য সতর্ক থাকতে হবে, সেইসব শংসাপত্রগুলি ব্যবহার করার মাধ্যমে, যেগুলি তারা প্রাথমিকভাবে তাদের আবেদন জানানোর সময় ব্যবহার করেছিলেন। আবেদনকারীদের নিশ্চিত করতে হবে যে তাদের শুধুমাত্র একটি ক্লেম ID নম্বর আছে। এটা সুপারিশ করা হয় যে তারা তাদের শংসাপত্র এবং ক্লেম ID লেখে এবং ভবিষ্যতে রেফারেন্সের জন্য সেগুলি রেখে দেয়। নকল আবেদন প্রক্রিয়াকরণের সময় দীর্ঘায়িত করতে পারে এবং স্বয়ংক্রিয়ভাবে অস্বীকার করা যেতে পারে।

আবেদনকারীদের কোনও স্ট্যাটাস আপডেট বা অতিরিক্ত তথ্যের অনুরোধগুলির জন্য তাদের অ্যাকাউন্ট, টেক্সট মেসেজ ও ইমেলগুলি সযত্নে নিরীক্ষণ করা উচিত। **(833) 586-1144** (টোল ফ্রি) থেকে টেক্সট মেসেজ পাঠানো হবে। **EWF@labor.ny.gov** থেকে ইমেল নোটিফিকেশন পাঠানো হবে। অতিরিক্ত তথ্যের প্রয়োজন হলে আবেদনকারীরা কোনও
EWF প্রতিনিধির কাছ থেকে ফোন কলও পেতে পারেন। সেরকম ক্ষেত্রে আমরা আপনাকে কেবল **(877) 393-4697** নম্বর থেকে ফোন করব।

একবার সিদ্ধান্ত নেওয়া হলে, DOL আপনাকে একটি টেক্সট মেসেজ বা ইমেল পাঠাবে, যাতে আপনাকে জানিয়ে দেওয়া হয় যে আপনার আবেদন অনুমোদিত হয়েছে, নাকি অস্বীকার করা হয়েছে।

## কীভাবে এবং কখন পেমেন্ট করা হবে?

আবেদনকারীদের আবেদপত্রে উল্লেখ করা ঠিকানায় পাঠানো Visa® প্রিপেড কার্ডে অনুমোদিত আবেদনকারীরা একটি বারের পেমেন্ট পাবেন। কার্ডটিতে ATM-এর সুবিধা রয়েছে এবং যেকোনও জায়গায় ব্যবহার করা যেতে পারে U.S.-এ Visa ডেবিট কার্ড-এর ব্যবহার অনুমোদিত

আবেদনের তারিখের উপরে ভিত্তি করে, তহবিল প্রশাসকরা অনুমান করেন যে, পর্যালোচনা ও প্রক্রিয়াকরণে প্রায় ছয় থেকে আট সপ্তাহ সময় লাগবে। যদি কোনো আবেদন অসম্পূর্ণ থাকে বা অতিরিক্ত তথ্য বা নথির প্রয়োজন হয়, তাহলে আবেদন প্রক্রিয়াকরণ করতে বেশি সময় লাগতে পারে। যেহেতু EWF একটি নতুন প্রোগ্রাম এবং পরিমাণ অনুমান করা কঠিন, তাই সময়সীমা পরিবর্তন সাপেক্ষ।

Visa প্রিপেড কার্ডটি ইস্যু করা হয়েছে MetaBank®, N.A., সদস্য FDIC থেকে, যা Visa U.S.A. Inc.-এর একটি লাইসেন্স অনুসারে করা হয়, কোন পুনরাবৃত্ত অর্থ প্রদান নয়। কার্ডটি 12 মাস পর্যন্ত বৈধ, তহবিলের মেয়াদ শেষ হয় না এবং কার্ডের মেয়াদোত্তীর্ণের তারিখের পরে উপলব্ধ হতে পারে, সেক্ষেত্রে ফি প্রয়োগ হতে পারে। কার্ডের শর্তাবলী প্রযোজ্য।

## আমি কি আমার সিদ্ধান্ত জানানোর নির্ধারণের আবেদন করতে পারি?

যে আবেদনকারীরা অস্বীকৃত বা তাদের সিদ্ধান্তের সাথে একমত নন, তাদের কাছে আবেদন করার অধিকার রয়েছে। কোনও সিদ্ধান্ত নেওয়ার পরে আপনি একটি টেক্সট মেসেজ বা ইমেল পাবেন। আবেদন করার জন্য, অবিলম্বে আপনার অ্যাকাউন্টে সাইন ইন করুন এবং নির্দেশাবলী অনুসরণ করুন। সিদ্ধান্ত চূড়ান্ত হওয়ার আগে আবেদন করতে "Appeal" বোতাম নির্বাচন করার জন্য আবেদনকারীদের কাছে 7 দিন সময় আছে। একবার আপনি আবেদন করলে, আপনার আবেদনটির একটি উচ্চতর পর্যালোচনা হবে। আপনি একটি বিজ্ঞপ্তি পাবেন, যাতে বিজ্ঞপ্তি পাওয়ার তারিখ থেকে পরবর্তী 7 ক্যালেন্ডার দিবসের মধ্যে আপনাকে অতিরিক্ত তথ্য বা নথি সরবরাহ করার কথা বলা থাকবে। প্রদত্ত সময়সীমার মধ্যে যদি কোন প্রতিক্রিয়া না পাওয়া যায়, তাহলে উপলব্ধ তথ্যের ভিত্তিতে একটি সিদ্ধান্ত নেওয়া হবে। একবার পর্যালোচনা প্রক্রিয়া সম্পূর্ণ হলে, আমরা আপনাকে একটি টেক্সট মেসেজ বা ইমেল পাঠাব, যাতে আপনাকে জানিয়ে দেওয়া হয় যে আপনার আবেদন অনুমোদিত হয়েছে, নাকি অস্বীকার করা হয়েছে। আবেদন প্রক্রিয়া করতে তিন সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে। অতিরিক্ত তথ্যের প্রয়োজন হলে বেশি সময় লাগতে পারে।

## প্রোগ্রামটি কত দিন চলবে?

আবেদনকারীদের যত তাড়াতাড়ি সম্ভব আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে। প্রোগ্রামের জন্য তহবিল সীমিত এবং প্রথম আসা, প্রথম পরিবেশনের ভিত্তিতে বিতরণ করা হবে। যেমন ভাবে পাওয়া গেছে, সেই ক্রমে আবেদনগুলি প্রক্রিয়া করা হয়েছে। একবার এই ঐতিহাসিক $2.1 বিলিয়ন থেকে সমস্ত তহবিল বরাদ্দ করা হলে, তহবিল বন্ধ হয়ে যাবে। আবেদনকারী, কমিউনিটি গ্রুপ ও অ্যাডভোকেটদের অবহিত করা হবে এবং আবেদন প্রক্রিয়া বন্ধ করা হবে।

## জালিয়াতি থেকে সাবধান

আপনার কেবলমাত্র শ্রম দপ্তরের অফিশিয়াল ওয়েবসাইট থেকে EWF ভাতাগুলির জন্য আবেদন করা উচিত এবং কেবল বিশ্বস্ত সংস্থাগুলির সাহায্য নেওয়া উচিত।

বিশ্বস্ত সংস্থার সম্পূর্ণ তালিকা পেতে **dol.ny.gov/CBOlist**-এ যান অথবা প্রোগ্রামটি চালু হওয়ার পরে কোনও এজেন্টের সঙ্গে কথা বলতে ও আপনার নিকটবর্তী কোনও কেন্দ্রের খোঁজ পেতে **877-EWF-4NYS (877-393-4697)** নম্বরে ফোন করুন।

**800-662-1220 TTY/TTD - English**
**877-662-4886 TTY/TTD - Español**

যদি কোনও ব্যক্তি বা প্রতিষ্ঠান আপনাকে আবেদনে সহায়তা করার জন্য আপনার কাছ থেকে অর্থ নেওয়ার বা আপনার ব্যক্তিগত তথ্য সংগ্রহ করার চেষ্টা করে, তবে তাদের কিছু দেবেন **না**। আপনি নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের অফিসে ((**on.ny.gov/agfraud**) অভিযোগ দায়ের করে বা অ্যাটর্নি জেনারেলের হটলাইন **(800) 771-7755**-এ ফোন করে এই জাতীয় কার্যকলাপের অভিযোগ জানাতে পারেন। শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য: TDD **(800) 788-9898**.

আপনি যদি EWF সম্পর্কে আপডেটের জন্য সাইন আপ করেন বা EWF ভাতার জন্য আবেদন করেন, কেবল তবেই শ্রম দপ্তরের তরফ থেকে আপনার সঙ্গে যোগাযোগ করা হবে। আপনাকে পাঠানো কোনও ইমেল বা টেক্সট মেসেজ থেকে আপনি জানতে পারবেন যে আপনার আবেদন প্রক্রিয়াকরণ করা হচ্ছে।

**শ্রম দপ্তরের তরফ থেকে আসেনি, এমন যোগাযোগের বিষয়ে সাবধান থাকুন।**

## যদি আমি আমার আবেদনে মিথ্যা তথ্য দিই, তাহলে কী হবে?

জেনেশুনে কোনও ভুল বিবৃতি দেওয়া বা মিথ্যা নথি উপস্থাপনের পরিণতি গুরুতর হতে পারে। যিনি এই ধরণের জালিয়াতি করেন, তাকে তার দ্বারা প্রাপ্ত সমস্ত অর্থ ফেরত নেওয়ার পাশাপাশি একটি ক্লাস E-এর জঘন্য অপরাধে দোষী সাব্যস্ত করা যেতে পারে।

Excluded Workers Fund সম্পর্কে আরও তথ্যের জন্য, এখানে যান **dol.ny.gov/EWF.**

**অনুবাদ করা নথিপত্র সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য:** অফিশিয়াল নথিগুলি এখানে কেবল ইংরেজিতে সরবরাহ করা হয়; অন্য কোন ভাষায় অনূদিত নথি সুবিধার্থে এবং প্রযোজ্য আইন অনুযায়ী প্রদান করা হয়। ভাষা অনুবাদের কারণে নথিপত্রে ইংরেজি সংস্করণের সঙ্গে কোনও দ্বন্দ্ব, অসঙ্গতি,
ত্রুটি অথবা আপাত দ্বন্দ্বকে কোনও আইনি প্রভাব দেওয়া হবে না।